# ওমান উপকূলে ভারতীয় নাবিক থাকা বাণিজ্যিক জাহাজে হামলা



ছবি: সংগৃহীত

ওমান উপকূলের কাছে বাণিজ্যিক জাহাজ এমটি এল গাইয়া (MT El Gaia)-তে হামলার ঘটনা ঘটেছে। জাহাজটিতে থাকা ১৪ ভারতীয় নাবিকের মধ্যে ১৩ জনকে উদ্ধার করা হয়েছে। এখনো একজন নিখোঁজ রয়েছেন। তাঁর সন্ধানে উদ্ধার অভিযান চলছে।

রোববার (১৩ সেপ্টেম্বর) ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় এ তথ্য জানিয়ে হামলার নিন্দা জানিয়েছে।

এক বিবৃতিতে মন্ত্রণালয় জানায়, ভারতীয় দূতাবাস ওমানের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রেখে উদ্ধার তৎপরতা সমন্বয় ও পর্যবেক্ষণ করছে। একই সঙ্গে সংঘাতপূর্ণ এ অঞ্চলে জাহাজ চলাচলের নিরাপত্তা নিশ্চিত করার আহ্বান জানিয়েছে নয়াদিল্লি।

মধ্যপ্রাচ্যে সাম্প্রতিক সময়ে ভারতীয় নাবিক ও জাহাজকে ঘিরে একাধিক হামলার ঘটনা ঘটেছে। এর বেশিরভাগই হরমুজ প্রণালিকে কেন্দ্র করে, যেখানে ইরান ও যুক্তরাষ্ট্রের সংঘাতকে ঘিরে উত্তেজনা চলছে।

এর আগে গত মাসে ভারতীয় পতাকাবাহী বাণিজ্যিক জাহাজ এমএসভি ফাইজ নূর-ই-ওলিয়া ইয়েমেন উপকূলের কাছে লোহিত সাগরে ডুবে যায়। জাহাজটির ১৩ ভারতীয় নাবিককেই উদ্ধার করা হয়েছিল।

এদিকে নয়াদিল্লিতে অনুষ্ঠিত ব্রিকস সামিট বিজনেস ফোরামে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সমুদ্রপথ ও নাবিকদের নিরাপত্তার ওপর গুরুত্ব দেন। তিনি বলেন, নিরাপদ সমুদ্রপথ ও সরবরাহ ব্যবস্থা এবং নাবিকদের নিরাপত্তা নিশ্চিত না হলে বৈশ্বিক বাণিজ্যের অগ্রগতি সম্ভব নয়।

LENS ASIA